

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্রাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

এমআরএ/সার্কুলার লেটার নং-৬৬

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৮
২৪ আগস্ট ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়ঃ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা নিয়োগ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ২৭(১) ও ধারা ২৭(২) অনুযায়ী প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন প্রধান নির্বাহী কর্মকর্তা থাকবেন এবং তিনি প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

২। উক্ত আইনের ধারা ২৭(৩) অনুযায়ী কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের বেতনভোগী কর্মকর্তা বা কর্মচারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদ বা পরিচালনা পর্ষদের সদস্য হতে পারবেন না এবং ধারা ২৮(৩) অনুযায়ী কোন ব্যক্তি একই সময়ে একাধিক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে বেতনভোগী কর্মকর্তা হিসেবে থাকার সুযোগ নেই। এছাড়া মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৯(১) এ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা প্রতিষ্ঠানের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হবেন এবং বিধি ১০ এ মাতা-পিতা, কন্যা-পুত্র, স্বামী-স্ত্রী ও সহোদর ভাই-বোন সম্পর্কের বন্ধনে আবদ্ধ ব্যক্তিবর্গ একই সময়ে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা হতে পারবেন না ও এ ধরনের সম্পর্কের ব্যক্তিবর্গ একই প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের যৌথ পরিচালনাকারীও হতে পারবেন না মর্মে উল্লেখ রয়েছে।

৩। বর্ণিত অবস্থায়, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ও তাদের গ্রাহকদের স্বার্থ রক্ষাসহ প্রতিষ্ঠানসমূহে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ২৭ ও ধারা ২৮ এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৯ ও বিধি ১০ অনুসরণে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা নিয়োগ ও দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিতকরত: আগামী ৩১ অক্টোবর, ২০২১ এর মধ্যে এ অথরিটিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
পরিচালক

ফোনঃ ৪৮৩১৫৭১৫

ই-মেইলঃ director.lic-regu@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২১- ১৪২৭(৭৪৬)(১০)

তারিখঃ ০৯ ভাদ্র ১৪২৮
২৪ আগস্ট ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- (৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
- (৬) বিভাগীয় কমিশনার (সকল)।
- (৭) জেলা প্রশাসক (সকল)।
- (৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- (৯) গভর্নরের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
পরিচালক